

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৭৬

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: إِنَّ عَلَيَا خَرَجَ مِنْ عِنْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي وَجْهِهِ الَّذِي  
تُؤْفَّيُ فِيهِ فَقَالَ النَّاسُ: يَا أَبَا الْحَسَنِ كَيْفَ أَصْبَحَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟  
قَالَ: أَصْبَحَ بِحَمْدِ اللَّهِ بارئا. رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

১৫৭৬-[৫৪] 'আবদুল্লাহ ইবনু 'আবাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে রোগে মৃত্যুবরণ করেছেন, সে অসুখের সময় একদিন 'আলী (রাঃ) তাঁর কাছ থেকে বের হয়ে এলেন। লোকেরা জিজেস করল, হে আবু হাসান! আজ সকালে আল্লাহর রসূলের অবস্থা কেমন রয়েছে? 'আলী (রাঃ) বললেন, আলহাম্দুলিল্লাহ-হ সকাল ভালই যাচ্ছে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারীর 8887, আহমাদ ২৩৭৪, সুনানুল কুবরা লিল বাযহাকী ১৬৫৭৪, সহীহ আদাবুল মুফরাদ ১১৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাষ্য মতে (কীফَ أَصْبَحَ) আজ সকাল কেমন যাচ্ছে, এ শব্দে রোগীর অবস্থা সকলকে জিজেস করা মুস্তাহব তথা ভাল। আর উত্তর এ শব্দে (أَصْبَحَ بِحَمْدِ اللَّهِ بَارِئًا) আলহাম্দুলিল্লাহ-হ, সকাল ভালই যাচ্ছে।

হাদীসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56136>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন